
# মধ্যরাতের নদী



খুব ধীরে, যেন অন্ত্যেষ্টিক্রিয়ায় যাচ্ছে মধ্যরাতের নদী
ঠিক মনে পড়ছে না আমার খুব ব্যক্তিগত কান্নার কথা
তাকে বলেছি কিনা
যেমন, আমার আংটি ও শৈশব খুঁজতে নেমেছিলাম
গুল্মলতা ঢাকা একটি কূয়ার তলদেশে
অনেকগুলো বোবা নক্ষত্রের মত ধীরে ধীরে
গান গেয়ে চলেছে সে
তার চলার ভঙ্গিতে কোথায় যেন ফুটে উঠছে
একটা নিশ্চিত ভাব
যেন সব শিল্পশহরের গোপনতম ক্ষত অনিদ্রা--
এ সত্যটি তাকে বিষণ্ণ করেছে
যেন তক্ষশিলার পাশ দিয়ে বয়ে যেতে গিয়ে
দেখে এসেছে সে
সব পয়ঃপ্রণালীর সরলসমীকরণ;
যেন, আমি যে গল্পটি বলছি, সেটি তার
অনেকের মুখ থেকে শোনা
যেন তার তীরে তীরে পুনরাবৃত্তি বোনা
বলতে এসেছিলাম সেই মেয়েটির কথা
যাকে আমি লুকিয়ে রেখেছিলাম তার সহচরীদের কাছ থেকে
আগলে রেখেছিলাম পৃথিবীর সবাইকে তস্কর ভেবে
বলতে ইচ্ছে করছে; তাকে আমি হারিয়ে ফেলেছি
অথবা তাকে কোনদিনই পাইনি
আমি তাকে একটুও বুঝিনি, সেও আমাকে নয়
আমি হয়ত তাকে একদিন বুঝে উঠতে পারব, কিন্তু
সে আমাকে কোনদিনও বুঝবে না
একটা নিঃসঙ্গ জেলেনৌকার আলোয় আমার চোখ
ঝাপসা হয়ে আসছে
সমবেত স্নান শেষে শ্রমিকদের হল্লা মিলিয়ে যাচ্ছে
দূরে
ছুটি চেয়ে নিশ্বাস ফেলছে ঘাটগুলো
যেন আমি উঠে গেলেই একযোগে নাইতে নামবে
সারাদিনের ক্লান্তি আর লোহার এংকরের ক্ষতচিহ্নে
ব্যান্ডেজ বেঁধে
ঘুমাতে যাবে তারা ।।

ঈশান জয়দ্রথ

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com